



মাঠে ফিরছে প্রিমিয়ার লিগ, জাতীয় দলও শুরু করতে পারে ক্যাম্প



সংগৃহীত ছবি

দীর্ঘ বিরতির পর আবারও ব্যস্ততায় ফিরছে দেশের ক্লাব ফুটবল। আগামী ৬ মার্চ থেকে শুরু হচ্ছে বাংলাদেশ প্রিমিয়ার লিগের দ্বিতীয় পর্ব। এর চার দিন পর, ১০ মার্চ মাঠে নামবে ফেডারেশন কাপ। ফলে পুরো মার্চজুড়ে শীর্ষ পর্যায়ের প্রতিযোগিতায় থাকবে টানা উত্তেজনা।

লিগের সূচি অনুযায়ী ১৪ মার্চ ১১তম রাউন্ডে কিংস অ্যারেনায় মুখোমুখি হবে ফরটিস এফসি ও বসুন্ধরা কিংস। প্রথম পর্ব শেষে পয়েন্ট তালিকার শীর্ষে থাকা এই দুই দলের লড়াই শিরোপা দৌড়ে বড় প্রভাব ফেলতে পারে।

এরপর ১০ এপ্রিল কুমিল্লায় অনুষ্ঠিত হবে দেশের ঐতিহ্যবাহী দুই ক্লাব আবাহনী লিমিটেড ঢাকা ও মোহামেডান স্পোর্টিং ক্লাব-এর বহুল আলোচিত দ্বৈরথ। দুই দলের দীর্ঘদিনের প্রতিদ্বন্দ্বিতার কারণে ম্যাচটি ঘিরে দর্শকদের আগ্রহ সবসময়ই তুঙ্গে থাকে।

ফেডারেশন কাপের ফাইনাল নির্ধারিত হয়েছে ১৯ মে। আর ২৩ মে পর্দা নামবে লিগ মৌসুমের। লিগ শেষ হলেই শুরু হওয়ার কথা স্বাধীনতা কাপ। সব মিলিয়ে মে মাস পর্যন্ত ব্যস্ত সূচিতে কাটবে দেশের ফুটবল অঙ্গন।

এদিকে জাতীয় দলকে ঘিরেও শুরু হয়েছে প্রস্তুতির তোড়জোড়। প্রাথমিকভাবে ২০ মার্চ থেকে ক্যাম্প শুরু হওয়ার কথা থাকলেও সেটি পাঁচ দিন এগিয়ে ১৫ মার্চ থেকে শুরুর পরিকল্পনা করছে বাংলাদেশ ফুটবল ফেডারেশন।

ফেডারেশনের পরিকল্পনা অনুযায়ী, ১৪ মার্চ লিগের একটি রাউন্ড শেষ হওয়ার পর স্বল্প বিরতি মিলবে। সেই সময়টাকেই কাজে লাগাতে চায় কোচিং স্টাফ। ঢাকায় ক্যাম্প শুরু করে পরে দল ভিয়েতনামে গিয়ে প্রস্তুতির বাকি অংশ সম্পন্ন করবে। ২৬ মার্চ ভিয়েতনামের বিপক্ষে প্রীতি ম্যাচ খেলবে বাংলাদেশ। এরপর সিঙ্গাপুরে গিয়ে ৩১ মার্চ এশিয়ান কাপ বাছাইপর্বের শেষ ম্যাচে স্বাগতিকদের মুখোমুখি হওয়ার কথা রয়েছে।

তবে ক্যাম্পের সূচনা থেকে দলে থাকতে পারবেন না হামজা চৌধুরী।